

বাংলাদেশ ইউনিভার্সিটিতে ভর্তি মেলা শুরু



৫ দিনব্যাপী ভর্তি মেলার উদ্বোধন করেন ভারপ্রাপ্ত উপাচার্য প্রফেসর ড. মো: জাহাঙ্গীর আলম

অনলাইন ডেস্ক

প্রকাশ: ২২ ডিসেম্বর ২০২৪ | ১৭:৫৫ | আপডেট: ২২ ডিসেম্বর ২০২৪ | ১৮:০৬



বাংলাদেশ ইউনিভার্সিটিতে স্প্রিং সেমিস্টারে ৫ দিনব্যাপী ভর্তি মেলা শুরু হয়েছে। রোববার মোহাম্মদপুরের আদাবরহু স্থায়ী ক্যাম্পাসে সকালে মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন বাংলাদেশ ইউনিভার্সিটির ভারপ্রাপ্ত উপাচার্য প্রফেসর ড. মো: জাহাঙ্গীর আলম।

এ সময় উপস্থিত ছিলেন ফ্যাকাল্টি অব বিজনেস এডমিনিস্ট্রেশন ও ইকোনমিক্স অনুষদের ডীন প্রফেসর ড. মো: তাজুল ইসলাম, ফ্যাকাল্টি অব আর্টস, সোস্যাল সাইন্স এন্ড ল' অনুষদের ডীন অধ্যাপক মো: হুমায়ুন কবির, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান ও সেকশন প্রধানগণসহ বিপুলসংখ্যক ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী।

এবারের ভর্তি মেলায় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে ভর্তিচ্ছুক শিক্ষার্থীরা তাদের প্রয়োজনীয় বিষয় সম্পর্কে অবগত হওয়ার পাশাপাশি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সুযোগ-সুবিধা সম্পর্কে সরাসরি পরিদর্শনের সুযোগ পাবে। এছাড়া মেলা চলাকালীন শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞ ও সিনিয়র অধ্যাপকদের সাথে সরাসরি মতবিনিময়ের মাধ্যমে উচ্চশিক্ষার বিভিন্ন বিষয়ের বিস্তারিত দিক নির্দেশনামূলক তথ্য সংগ্রহ করতে পারবেন।

উল্লেখ্য, মেলা চলাকালীন ইউনিভার্সিটির স্প্রিং সেমিস্টারে বিভিন্ন বিভাগে ভর্তিচ্ছুক ছাত্রছাত্রীরা তাদের এসএসসি ও এইচএসসি ফলাফলের উপর সর্বনিম্ন ২০% থেকে সর্বোচ্চ ১০০% কোর্স ফি মওকুফ ছাড়াও মেলায় অতিরিক্ত ৫ হাজার টাকা থেকে ১০ হাজার টাকা মওকুফে ভর্তির সুযোগ পাবেন।

প্রতিদিন সকাল ১০টা থেকে শুরু হয়ে মেলা চলবে বিকেল ৪টা পর্যন্ত। মেলা শেষ হবে আগামী ২৬ ডিসেম্বর বৃহস্পতিবার।